

### প্রাকৃতিক জলাধার সংরক্ষণে পূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগ

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে সরকারি বেসরকারি জমি অবৈধ দখল রোধ এবং পরিবেশ ও প্রাকৃতিক জলাধার সংরক্ষণের জন্য গণপূর্ত অধিদপ্তরের সম্মেলন বক্ষে বিগত ০৯/০৭/২০০২ তারিখ মঙ্গলবার এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মির্জা আব্বাস, বন ও পরিবেশ মন্ত্রী জনাব শাহজাহান সিরাজ, গণপূর্ত প্রতিমন্ত্রী জনাব আলমগীর কবির, প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী মেজর (অবঃ) কামরুল ইসলাম, পূর্ত সচিব সৈয়দ তানভীর হোসেন, পরিবেশ সচিব জনাব সাবিহ উদ্দিন আহমেদ, রাজউক এর চেয়ারম্যান জনাব ইকবাল উদ্দিন চৌধুরী এবং গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব আবুল কাশেম চৌধুরীসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান, যমুনা গ্রুপের চেয়ারম্যান, REHAB-এর সভাপতি ও শেলটেকের ব্যবস্থাপনা পরিচালক, নর্থ সাউথ -এর ব্যবস্থাপনা পরিচালক, নির্মাণ ইন্টারন্যাশনালের এমডি, বোরাক রিয়েল এস্টেট-এর প্রধান নির্বাহী কর্মকর্তাসহ মূলতঃ শীর্ষস্থানীয় হাউজিং ও ডেভেলপার প্রতিষ্ঠানের প্রতিনিধিরা আলোচনায় অংশ নেন।

(পূর্ণাঙ্গ প্রতিবেদন : পৃষ্ঠা ৩)

### প্রশিক্ষণ কোর্সের সনদ বিতরণ

গণপূর্ত অধিদপ্তরে নকশা কাঠামো প্রণয়নকারী প্রকৌশলীদের ভূমিকম্প সহনশীল ভবন নির্মাণে যথাযথ কারিগরি জ্ঞান সম্পন্ন করে গড়ে তোলার লক্ষ্যে "Theory and Applications of Structural Dynamics for Earthquake Resistant Building Design" শীর্ষক এক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। প্রায় দুই মাস ব্যাপী এই প্রশিক্ষণ কোর্সে অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের ৩৩ (তেরিশ) জন প্রকৌশলী অংশগ্রহণ করেন। University of Asia Pacific -এর সহকারী অধ্যাপক Dr. Iftekher Anam উক্ত কোর্সের প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন।

প্রশিক্ষণ সমাপনান্তে বিগত ৯ই জুলাই ২০০২ বিকাল ৩-৩০ মিনিটে গণপূর্ত অধিদপ্তরের সম্মেলন কক্ষে উক্ত কোর্সের সনদ বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। BFUJ -এর সভাপতি জনাব গিয়াস কামাল চৌধুরী প্রধান অতিথি এবং পূর্ত সচিব সৈয়দ তানভীর হোসেন ও দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর মহাপরিচালক জনাব ক্ষিতিশ চন্দ্র কুন্ডু বিশেষ অতিথি হিসাবে সনদ বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব আবুল কাশেম চৌধুরী উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব এমদাদুল হক সনদ বিতরণী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। এছাড়াও প্রশিক্ষার্থীদের পক্ষ থেকে নির্বাহী প্রকৌশলী, সৈয়দ আজীজুল হক এবং উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব আহসান হাবীব প্রশিক্ষণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

পূর্ত সচিব বলেন, সচেতনতার অভাবে অধিকাংশ বাড়ীঘর নির্মাণের ক্ষেত্রে মানসম্মত নির্মাণ পদ্ধতি ও ভূমিকম্প সহনশীল ডিজাইন অনুসরণ করা হয় না। ভূমিকম্পের ভয়াবহতা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথ ব্যবহারের জন্য প্রকৌশলীদের প্রতি আহ্বান জানান।

বিশেষ অতিথি জনাব ক্ষিতিশ চন্দ্র কুন্ডু বলেন, ঢাকা শহরে অধিকাংশ বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে রাজউক অনুমোদিত প্লান অনুসরণ করা হয় না। যে সমস্ত অসাধু ডেভেলপার ও প্রকৌশলীগণ বাড়ী ঘর নির্মাণে রাজউক তথা সরকারী বিধিমালা মেনে চলেন না তাদের শাস্তি প্রদানের জন্য বাংলাদেশ পেনাল কোডে কোন ব্যবস্থা নাই।

প্রধান অতিথি জনাব গিয়াস কামাল চৌধুরী ভূমিকম্প বিষয়ক এই প্রশিক্ষণ কোর্সের আয়োজনকে অত্যন্ত সমর্থনযোগ্য বলে মন্তব্য করেন। তিনি ভূমিকম্প সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করে ভূমিকম্প বিষয়ে যথাযথ অবহিতকরণের লক্ষ্যে সাংবাদিকদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে বিশেষভাবে অনুরোধ করেন। বহুতলভবন নির্মাণের প্রচলিত বিধিবিধান লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশের জন্য তিনি সাংবাদিকদের অনুরোধ জানান।

এ.কে.এম. সালেহউদ্দিন  
উপ-বিভাগীয় প্রকৌশলী

এ সম্পর্কে জাতীয় দৈনিক সমূহের রিপোর্ট দেখুন  
পৃষ্ঠা ৯-১০ : NEWS & VIEWS



সনদ বিতরণ করছেন BFUJ সভাপতি




বক্তা করছেন প্রধান অতিথি BFUJ সভাপতি



বক্তা করছেন পূর্ত সচিব



বক্তব্য রাখছেন চীফ ইঞ্জিনিয়ার



দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর মহাপরিচালক

সনদ বিতরণ অনুষ্ঠানের কিছু বিশেষ মুহূর্ত

### সম্পাদকীয়

পঞ্চম সংখ্যা প্রকাশের মুখে দাড়িয়ে News letter টির প্রকাশনা ও বিলি ব্যবস্থা অনেক সমস্যার মুখোমুখি।

প্রথমতঃ লেখার অপ্রতুলতা। এ বিষয়ে অনেকবার লেখা ও অনেক আলোচনাও হয়েছে। আমাদের সম্মানিত সদস্যরা এখনো এ ব্যাপারে স্থিতিজড়তা কাটিয়ে উঠতে পারেন নাই। সেটা সম্পাদকের ব্যর্থতা।

দ্বিতীয়তঃ আমাদের সদস্যরা নিয়মিত প্রকাশনা হাতে পাচ্ছেন না। সম্প্রতি রংপুরে সাংগঠনিক সফরকালে জানা যায় অনেকে এক বা দুই সংখ্যার বেশী হাতে পান নাই যদিও চার চারটি সংখ্যা ইতোমধ্যে বেরিয়ে গেছে। এটার একটি কারণ হতে পারে আমাদের Mailing Address ভুল বা অসম্পূর্ণ। এক্ষেত্রে যদিও সংস্থাপন প্রণীত ঠিকানা আমরা ব্যবহার করছি কিন্তু ধারণা হয় যে অনেক ঠিকানা অসম্পূর্ণ। সদস্যদের প্রতি অহ্বান রইল আপনাদের স্থানীয় অফিস Address, রাস্তা নং, বাড়ি নং, Postal Code এবং বিশেষ ক্ষেত্রে স্থানীয় কোন উল্লেখ্য ইত্যাদিসহ আমাদের অফিসে জানালে আমরা সেইমত নতুন ঠিকানা লিখে নিব। এই পর্যায়ের কাজ আমরা ইতোমধ্যে হাতে নিয়েছি। এ সংখ্যা থেকে আমাদের প্রকাশনা "Book Post under certificate of posting" -এ পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

আমাদের সন্তানদের লেখা ও আঁকা ছবি ছাপানোর নীতিগত সিদ্ধান্ত পূর্বেই নেওয়া ছিল। এ সংখ্যায় প্রথম সেই ইচ্ছা বাস্তবায়ন হল একটি পেন্সিল স্কেচ ছেপে।

গত ২৩-২৪ জুলাই তারিখে এসোসিয়েশন রংপুরে একটি সাংগঠনিক সফর করে। এই সফরের মুখ্য উদ্দেশ্য ছিলো রাজধানীর বাইরে চাকুরীরত সদস্যদের সাথে মতবিনিময় করা ও পেশাগত দিক নিয়ে আলাপ আলোচনা করা। অত্যন্ত ফলপ্রসূ ও প্রাণবন্ত এই সফরের বিভিন্ন দিক একটি বিশেষ প্রতিবেদনে আমাদের মহাসচিব তাঁর কলামে আগামী সংখ্যায় লিখবেন। সকল সদস্যদেরকে শুভেচ্ছা।

মোঃ মফিজুর রহমান



কর্মশালায় অংশগ্রহণকারী কমিশনারবৃন্দের একাংশ



দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর প্রতিনিধি



কোর্স পরিচালক বক্তব্য রাখছেন

## চট্টগ্রামে ভূমিকম্প বিষয়ক দিনব্যাপী অবহিতকরণ কর্মশালা

ভূমিকম্প সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর ও দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো এর যৌথ ব্যবস্থাপনায় বিগত ১৪ জুলাই, ২০০২ তারিখে চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে ভূমিকম্প বিষয়ক দিনব্যাপী অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ৬ জন মহিলা ওয়ার্ড কমিশনারসহ সিটি কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটির ওয়ার্ড কমিশনারবৃন্দ এবং চট্টগ্রাম জেলাধীন উপজেলা ও পৌরসভা এবং গণপূর্ত অধিদপ্তরের মোট ৩০ (ত্রিশ) জন প্রতিনিধি এই কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুস সালাম খান, জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-২ -এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনাব এ.কে.এম. শাহজাহান পাটোয়ারী। উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো-এর উপ-পরিচালক জনাব আব্দুস সালাম এবং চট্টগ্রাম জেলার অতিরিক্ত কমিশনার (সার্বিক), জনাব শেখ মহাব্বত উল্লাহ। উপ-পরিচালক বলেন, "ভূকম্পন পূর্বাভাসের কোন কৌশল এখনও আবিষ্কৃত হয় নাই। তাই গণসচেতনতা বৃদ্ধির মাধ্যমে আমরা এর ভয়াবহতা কমাতে পারি।" অতিরিক্ত কমিশনার (সার্বিক) সচেতনতা গড়ে তুলতে সরকারের পাশাপাশি জনগণকেও এগিয়ে আসার আহবান জানান। কোর্স পরিচালক হিসাবে জনাব মোঃ নবী নেওয়াজ, নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-৩, কর্মশালাটি পরিচালনা করেন এবং তাকে সার্বিক সহযোগীতা করেন কোর্স কো-অর্ডিনেটর, চট্টগ্রাম গণপূর্ত উপ-বিভাগ-৫ -এর উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব মোঃ নুরুল আমিন মিয়া।

কর্মশালায় প্রথম অধিবেশনে "ভূমিকম্পের ধারণা, বিভিন্ন দেশ ও বাংলাদেশের প্রবণতা ও ক্ষয়ক্ষতি" এর উপর বক্তব্য রাখেন গণপূর্ত ডিজাইন বিভাগ-২,-এর উপ-বিভাগীয় প্রকৌশলী, জনাব মোঃ আবু সাদেক। তিনি ভূমিকম্প সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি এবং এ অঞ্চলে ঘটে যাওয়া বড় ধরনের ভূমিকম্পের ক্ষয়ক্ষতির বিবরণ মান্টি মিডিয়ার মাধ্যমে সচিত্র উপস্থাপন করেন। দ্বিতীয় অধিবেশনে "ভূমিকম্প সহনশীল নির্মাণ কৌশল : নির্মিতব্য ও নির্মিত ভবন" শীর্ষক বক্তব্য উপস্থাপন করেন সৈয়দ আজিজুল হক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ডিজাইন বিভাগ-৪ এবং তৃতীয় অধিবেশনে চট্টগ্রাম জেলা প্রশাসক, জনাব মোঃ আব্দুস সালাম খান "ভূমিকম্প পরবর্তী দুর্যোগ ব্যবস্থাপনা" শীর্ষক বক্তব্য প্রদান করেন। সৈয়দ আজিজুল হক ভবন নির্মাণে ভূমিকম্প যথাযথ বিবেচনার এবং নির্মিত ভবন যদি ভূমিকম্প সহনশীল না হয় তবে retrofitting এর মাধ্যমে তা সহনশীল করা হয় বলে জানান। জেলা প্রশাসক জনাব সালাম খান বলেন, ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে আনাই দুর্যোগ ব্যবস্থাপনার মূল লক্ষ্য। পরিশেষে একটি প্রাণবন্ত মূল্যায়ন পর্বের মাধ্যমে কর্মশালার কার্যক্রম শেষ হয়। স্থানীয় জেলার বিভিন্ন সরকারী সংস্থার কর্মকর্তা, প্রকৌশলী, দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর প্রতিনিধি, বাংলাদেশের একমাত্র ভূকম্পন পর্যবেক্ষণ কেন্দ্রের প্রতিনিধি, স্থানীয় পত্র-পত্রিকা এবং টেলিভিশনের সাংবাদিকবৃন্দ উপস্থিত থেকে কর্মশালাকে সাফল্যমন্ডিত করেছেন। কর্মশালাটি উপস্থিত সকলের মধ্যে ভূমিকম্প সম্পর্কে ব্যাপক সাড়া জাগাতে সক্ষম হয়েছে এবং প্রতিটি পর্বের শেষে স্বতঃস্ফূর্ত প্রশ্নোত্তর পর্বের অবতারণা হয়েছে। কর্মশালায় অংশগ্রহণকারী কমিশনারবৃন্দ ভূমিকম্পের দুর্যোগ ব্যবস্থাপনায় প্রাথমিক শিক্ষার উপর সর্বাধিক গুরুত্বারোপ করেন। সচেতনতা সৃষ্টির জন্য রেডিও, টেলিভিশন ও গণমাধ্যমে ব্যাপক প্রচারের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের পাঠক্রমে "ভূমিকম্প ও দুর্যোগ ব্যবস্থাপনা" অন্তর্ভুক্তকরণের এবং স্কুল ও কলেজে এ ধরনের কর্মশালা ও সেমিনারের আয়োজন করার সুপারিশ করেন। স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় (পৃষ্ঠা ১০ দেখুন) এবং চট্টগ্রাম আঞ্চলিক টেলিভিশনের সংবাদে কর্মশালাটি ব্যাপক গুরুত্বের সাথে প্রচারিত হয়।

এখানে উল্লেখ্য বিগত ১২ জুন, ২০০২ তারিখে সিলেটের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে ভূমিকম্পের উপর জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে যে কর্মশালা অনুষ্ঠিত হয়েছিল তারই ধারাবাহিকতায় চট্টগ্রামে অনুরূপ একটি কর্মশালা অনুষ্ঠিত হল। আগামী ১৪ আগস্ট ২০০২ -এর ২য় ১৪ আগস্ট কক্সবাজারে ভূমিকম্পের উপর একই ধরনের আরোও একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব এমদাদুল হক এর সার্বিক তত্ত্বাবধানে ও দিক নির্দেশনায় এই কর্মশালাও অনুষ্ঠিত হচ্ছে। ■

প্রতিবেদক-

এ.কে.এম. সালেহউদ্দিন  
কাজী ওয়াসীফ আহমেদ  
উপ-বিভাগীয় প্রকৌশলী

## প্রাকৃতিক জলাধার সংরক্ষণে দিনব্যাপী আলোচনার সংক্ষিপ্ত প্রতিবেদন

দেশের ক্রমবর্ধমান চাহিদা ও প্রকট আবাসন সমস্যার পরিপ্রেক্ষিতে রিয়েল এস্টেট ব্যবসায়ীরা শহরের নীচু জায়গা ভরাট করে যত্রতত্র হাউজিং প্রকল্প গ্রহণ করছে। অনেকক্ষেত্রেই সরকারী বেসরকারী জমি, খাস জমি, পরিত্যক্ত জমি, নদী-নালা ও জলাশয় জবর দখল হয়ে যাচ্ছে। ফলে নিরীহ খন্ড জমির মালিকের উপর নির্যাতনের পাশাপাশি পরিবেশের ভারসাম্য বিনষ্ট হচ্ছে, জলপ্রবাহের স্বাভাবিক গতিপথ ব্যাহত হচ্ছে। যার কারণে সামান্য বৃষ্টিপাতের ফলেই শহরের রাস্তাঘাট ডুবে যাচ্ছে, ব্যাপক জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে। প্রাকৃতিক জলাধার সংরক্ষণের জন্য গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে বিগত ০৯-০৭-২০০২ তারিখ গণপূর্ত অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত রিয়েল এস্টেট ব্যবসায়ী ও শীর্ষস্থানীয় ডেভেলপারদের সঙ্গে দিনব্যাপী আলোচনা সভায় পূর্তমন্ত্রী মীর্জা আব্বাস ডেভেলপারদের বিরুদ্ধে উক্ত অভিযোগ উত্থাপন করেন। দেশের ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে তিনি সকলকে সুস্থ ও পরিকল্পিত উন্নয়নে অংশ গ্রহণ করার এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ যথাযথ প্রতিপালনে এগিয়ে আসার আহ্বান জানান।

আলোচনা সভায় বন ও পরিবেশ মন্ত্রী জনাব শাহজাহান সিরাজ বলেন, অপরিষ্কৃত উন্নয়নের কারণে ঢাকা পৃথিবীর দরিদ্রতম দেশগুলোর রাজধানীর মধ্যে সবচেয়ে নিকৃষ্টতম ও অপরিচ্ছন্ন নগরীতে পরিণত হয়েছে। আগামীতে পরিবেশগত ছাড়পত্র ছাড়া কোন স্থাপনা গড়তে দেয়া হবে না। তিনি সংশ্লিষ্ট সকলকে বাস্তবমুখী সিদ্ধান্ত নেয়ার অনুরোধ জানান যাতে পরিবেশের ভারসাম্য বজায় থাকে।

প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী মেজর (অবঃ) কামরুল ইসলাম রাজউককে Aerial photography -র মাধ্যমে মাস্টার প্লান তৈরি করে নদী-নালা, খাল-বিল, জলাশয় বা নিম্নাঞ্চল তথা প্রাকৃতিক পানি প্রবাহের স্বাভাবিক গতিপথ চিহ্নিত করে কোথায় আবাসন প্রকল্প গ্রহণ করা যাবে কি যাবে না, তা নির্ধারণ করতে বলেন। তিনি বিভিন্ন আবাসন প্রকল্পে নিম্নের বিষয়গুলোকে যথাযথ সংস্থানের উপরে জোর দেন।

- যথেষ্ট পরিমাণ উন্মুক্ত ময়দান, খেলার মাঠ, উদ্যান ও বনায়ন
- আভ্যন্তরীণ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা
- বর্জ্য অপারারণের জন্য নির্দিষ্ট জায়গা
- নিজস্ব পানি শোধনাগার
- স্কুল, কলেজ, হাসপাতাল, মার্কেট ও অন্যান্য প্রয়োজনীয় সুযোগসুবিধা।
- জায়গা অনুপাতে কবরস্থান বা শশ্যান ঘাট ইত্যাদি

এসব সমস্যা নিরসনের লক্ষ্যে তিনি বেসরকারী আবাসিক প্রকল্প বিধিমালা এবং বহুতল ভবন নির্মাণ বিধিমালা প্রণয়ন এবং বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়ের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

রাজউকের চেয়ারম্যান মাস্টার প্লান যথাযথভাবে অনুসৃত না হওয়ার ফলে নগরের সার্বিক পরিবেশ বিঘ্নিত হচ্ছে বলে উল্লেখ করেন। রাজউক কর্তৃক প্লান অনুমোদনের পর বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে কিছু ব্যত্যয়ের কথা তিনি তুলে ধরেন।

- Setback rule deviation
- Civil Aviation rule Violation
- Misuse of parking area as shops which create severe traffic jam
- Serwerage disposal into lake

এসব সমস্যা নিরসনের লক্ষ্যে তিনি বেসরকারী আবাসিক প্রকল্প বিধিমালা এবং বহুতল ভবন নির্মাণ বিধিমালা প্রণয়ন এবং বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়ের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

সরকারের পাশাপাশি রিয়েল এস্টেট ডেভেলপারগণ আবাসিক সমস্যা নিরসনের মাধ্যমে দেশের উন্নয়নে ভূমিকা রাখছে। দীর্ঘ ১৫ বছর পর দেশে সুস্থ ও সুস্থ আবাসন গড়ার লক্ষ্যে ডেভেলপারদের সহযোগিতার জন্য আহ্বান তাদের এই ভূমিকার স্বীকৃতি স্বরূপ। সভায় উপস্থিত সকল

ডেভেলপারবৃন্দ বর্তমান সরকার এবং মাননীয় পূর্তমন্ত্রীকে এই উদ্যোগের জন্য কৃজ্ঞতা প্রকাশ করেন। পরিবেশের ভারসাম্য বজায় রাখার লক্ষ্যে দেশের প্রচলিত বিধিবিধান মেনে চলে বিভিন্ন আবাসিক প্রকল্প গ্রহণের বিষয়ে সকলে ঐকমত্য প্রকাশ করেন এবং প্রকল্প অনুমোদনে রাজউকের দীর্ঘসূত্রীতার কথাও উল্লেখ করেন।

REHAB Chairman ও Sheltec -এর ব্যবস্থাপনা পরিচালক ডঃ তৌফিক এম. সেরাজ বলেন, দেশের আবাসন চাহিদা পূরণে রাজউক সম্পূর্ণ সক্ষম নয়। Dhaka Master plan -এর ২৬টি detail area plan -এর মধ্যে মাত্র ৬টি কাজ করছে। যথাযথ বিদেশ প্রশিক্ষণের মাধ্যমে তিনি রাজউক এর জনবলকে দক্ষ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি রাজউককে One window service প্রদানের অনুরোধ জানান। বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে রাজউক আগে থেকে জেনে রাখবে বা নির্ধারণ করে রাখবে নগরীর কোথায় কি কি সুবিধা কি পরিমাণে আছে। জনগণ এক জায়গা থেকে Permission/ approval নেবে। Master plan সহজলভ্য এবং সহজ দ্রষ্টব্য করার জন্য তিনি রাজউক-এর দৃষ্টি আকর্ষণ করেন।

গৃহায়ন প্রতিমন্ত্রী জনাব আলমগীর কবির বলেন, ভূমি ব্যবস্থাপনায় আইনি জটিলতা সবচেয়ে বেশি। আইনের অসঙ্গতি দূর করে ভাল ব্যবসায়ীদের সহায়তা করার পক্ষে তিনি মত প্রকাশ করেন। এছাড়াও পরিবেশের ভারসাম্য বজায় রেখে সুস্থ ও পরিকল্পিত আবাসন গড়ে তোলার লক্ষ্যে তিনি এই তিনটি বিষয়ের উপর গুরুত্বারোপ করেন-

- জলাধার সংরক্ষণ আইন, ২০০০-এর ব্যাপক প্রচার
- ভূমি উন্নয়ন তথা আবাসন গড়ে তোলার জন্য সুনির্দিষ্ট এলাকা চিহ্নিত করণ
- পরিবেশ সহায়ক ও পরিকল্পিত উন্নয়নের জন্য সমগ্র বাংলাদেশের zonal planning এর প্রয়োজনীয়তা।

গণপূর্ত সচিব সৈয়দ তানভীর হোসেন জানান যে, দেশে Town Improvement Act তৈরি হয়েছিল ১৯৫৩ সালে, কিন্তু আজ পর্যন্ত কোন Rule হয় নি। অধিকাংশ ভবনে গাড়ী পার্কিং-এর ব্যবস্থা নেই রাস্তার উপর যত্রতত্র গাড়ী পার্কিং -এর ফলে শহরে ব্যাপক যানঘটের সৃষ্টি হচ্ছে। রাস্তায় যত্রতত্র পার্কিং না করার জন্য শীঘ্রই আইন প্রণয়নসহ নির্দিষ্ট জায়গায় গাড়ী পার্কিং এর জন্য metering system প্রবর্তন করা হবে। এছাড়া ভবন নির্মাণের ক্ষেত্রে BNBC'93 অনুসরণ এবং বিভিন্ন utility service নিশ্চিতকরণসহ ভবনে Rain water storage এর ব্যবস্থা রাখার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।

দীর্ঘ আলোচনা শেষে মাননীয় পূর্তমন্ত্রী মীর্জা আব্বাস বলেন, অতীতের যে সকল ভুল হয়েছে তা সংশোধন করে পিছুটানকে ছিড়ে ফেলে সামনে এগিয়ে যেতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুন্দর ও সুস্থ আবাসন পরিবেশ গড়ে তুলতে হবে। এজন্য তিনি সকলকে আইনের বন্ধু ও নিয়মের বন্ধু হওয়ার আহ্বান জানান।

তিনি আরও মন্তব্য করেন, ঢাকা শহরে অনেকগুলো নীচু জায়গা আছে, যেগুলো ভরাট হলে ভয়াবহ জলাবদ্ধতার সৃষ্টি হবে। পরিকল্পিত উন্নয়নে ও পরিবেশ বান্ধব আবাসন গড়ে তোলার লক্ষ্যে তিনি কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা জানান।

১. প্রাকৃতিক জলাশয় সংরক্ষণ
২. রাস্তাঘাট, ড্রেন, পয়ঃনিষ্কাশন, বিদ্যুৎ, পার্কিং ইত্যাদি ব্যবস্থা নিশ্চিত করণ
৩. লেকে যে কোন পয়ঃনিষ্কাশন নিষিদ্ধকরণ
৪. বিভিন্ন আবাসন প্রকল্পে রাজউকের প্রতিনিধি নিয়োগ
৫. বেসরকারী আবাসিক প্রকল্প বিধিমালা প্রণয়ন
৬. বহুতল ভবন নির্মাণ বিধিমালা প্রণয়ন।

মাননীয় মন্ত্রী বলেন, সকলেই উন্নয়নের অংশ। উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে শীঘ্রই রাজউক, পূর্ত মন্ত্রণালয় এবং হাউজিং ব্যবসায়ীদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে। তিনি সকলকে তাদের সমস্যা ও মূল্যবান সাজেশান দিয়ে কমিটিকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

এ.কে.এম. সালেহউদ্দিন  
উপ-বিভাগীয় প্রকৌশলী

## SETTLEMENT OF STRUCTURES ON SAND AND CLAY

**Md. Rafiqul Islam**  
Sub-divisional Engineer  
PWD Design Division-II

Settlement of the foundation soil is the most important consideration in calculating the serviceability limit state or in assessing allowable bearing pressures where permissible stress methods are used. Even though sinking of foundations as a result of shear failure of the soil has been safeguarded by ultimate limit state calculations or by applying an arbitrary safety factor on the calculated ultimate bearing capacity, it is still necessary to investigate the likelihood of settlements before the allowable bearing pressures can be fixed.

After selection of type, depth, size and shape of foundation considering bearing capacity only, possible total settlement and differential settlement relative to different parts of the structure are to be checked against allowable limits for particular type of structure, where total settlement of structures ( $p$ ) is summation of immediate settlement ( $p_i$ ) and consolidation settlement ( $p_c$ ).

In the case of foundations on medium-dense to dense sands and gravels, the immediate and consolidations settlements are of a relatively small order. A high proportion of the total settlement is almost completed by the time the full loading comes on the foundations. Similarly a high proportion of the settlement of foundations on loose sands takes place as the load is applied, whereas settlements on compressible clays are partly immediate and partly long-term movements. The latter is likely to account for the greater proportion of the movement and may take place over a very long period of years. Immediate settlement is defined as settlement without drainage for fully saturated soil due to shear deformation at constant volume.

In engineering practices it is not the settlement (Uniform) only but differential settlement should be taken in account off. If the whole of the foundation area of a structure settles to the same extent, there is no detrimental effect on the superstructure. If, however, there is relative movement

between various parts of the foundation, stresses are set up in the structure. Serious cracking, and even collapse of the structure, may occur if the differential movements are excessive. Differential settlement between parts of a structure may occur as a result of the following: -

- a) Variations in strata
- b) Variations in foundation loading
- c) Large loaded areas on flexible foundations
- d) Differences in time of construction of adjacent parts of a structure.
- e) Variation in site conditions

It is unrealistic to design foundations to prevent all cracking due to differential settlement. Therefore a certain degree of cracking due to differential settlement should be accepted (Table-1).

In the case of simple structure on relatively uniform compressible soils the risks of damage due to settlement can be assessed with guidance of empirical rules, based on experiences.

For foundations on sands, Terzaghi and Peck suggested that differential settlement is unlikely to exceed 75 percent of the maximum movement, and since most ordinary structure can withstand 20 mm of settlement between adjacent columns a limiting maximum settlement of 25 mm was postulated. For raft foundations the limiting maximum settlement was increased to 50 mm. From a study of movements of 11 buildings, Kempton and MacDonald concluded that for a limiting angle of distortion ( $B$ ) of 1 in 500 the limiting maximum differential settlement is about 25 mm, the limiting total settlement is 40 mm for isolated foundations, and 40-65 mm for raft foundations. Studies have shown that buildings on sands rarely settle more than 50 mm and in the majority of the cases the settlement is the order of 25 mm or less. These rules should not be applied to sands containing silt or clay which greatly increases their compressibility.

For foundation on Clays, Skempton and Macdonald similarly prescribed a design limit for maximum differential settlement of 40 mm, with design limits for total settlement of 65 mm for isolated foundations and 65-100 mm for rafts.

**Table-1**  
**Classification of visible damage to walls**

Category of damage	Degree of damage	Description of typical damage	Approximate crack width (mm)
		Hairline cracks of less than about 0.1 mm width are classed as negligible	> 0.1
1.	Very slight	Isolated slight fracturing in building. Cracks rarely visible in external brickwork	> 1.0
2.	Slight	Cracks not necessarily visible externally. Doors and windows may stick slightly.	> 5.0
3.	Moderate	Doors and windows sticking. Service pipes may fracture. Weather tightness often impaired.	5-15 (or a number of cracks $\geq 3.0$ )
4.	Severe	Window and doorframes distorted, floor sloping noticeably. Walls leaning or bulging noticeably, some loss of bearing in beams. Service pipes disrupted.	15-25 but also depends on number of cracks
5.	Very severe	Beams lose bearings, walls lean badly and require shoring. Windows broken with distortion. Danger of instability.	Usually >25 but depends on number of cracks

If as a result of applying the above empirical rules, or of undertaking a settlement analysis of the structure based on the assumption of complete flexibility in the foundations and superstructure, it is shown that the total and differential settlement exceed the serviceability limit state, then the engineer has the choice either of avoiding settlement or of accommodating the movement by the appropriate measures in structural design.

If the structures themselves have insufficient rigidity to prevent excessive differential settlement with ordinary spread foundations, one or a combination of the following methods may be adopted in order to reduce the total and differential settlements to a tolerable limit.

- Provision of a rigid raft foundation either with a thick slab or with deep beams in two or three directions.
- Provision of deep basements to reduce the net bearing pressure on the soil.
- Transference of to deeper and less compressible soil by means of basements, piers or piles.
- Provision of jacking pockets, or brackets, in columns to re level the superstructure.
- Provision of additional loading on lightly loaded areas in the form of Kent ledg or embankments.

However, BNBC has established some rotational and displacement limits of different building structures depending upon construction materials, type of the structure which is attributed from differential settlement. Where aesthetic criteria dominate, limiting values are given in table 2.

Table- 2 Allowable Displacement Criteria	
Material	Maximum deflection between supports (L=span length)
Masonry, glass or other frangible material	L/360
Metal cladding or similar non frangible finish	L/240
Steel or concrete frames	L/150-L/180
Wooden frames	L/100
Steel or concrete shear walls	As per design
Structure	Maximum slope of continuous structure
High continuous brick walls	0.0050-0.0010
Brick dwelling	0.0030
Brick cladding between columns	0.0010
Reinforced concrete building frames	0.0025-0.0040
Reinforced concrete curtain wall	0.0030
Continuous steel frame	0.0020
Simply supported steel frame	0.0050

#### REFERENCES:

- Foundation Design and Construction- by M.J. TOMLINSON(Sixth edition)
- Bangladesh National Building Code- 1993.

Submitted as term paper : Master in Engg. (Civil)  
Soil Mech-I, BUET

## PEOPLE'S REPUBLIC OF BANGLADESH FLAG RULE (PART) PRESIDENT'S SECRETARIAT Cabinet Division

#### Title and date of effect :

- These Rules shall be known as The People's Republic of Bangladesh Flag Rules, 1972.
- They shall come into effect immediately.

#### Use of the Flag on Government Buildings, Official Residence, Motor Cars, etc.-

- The 'Bangladesh Flag' shall be flown on all working days on important Government Buildings and offices, e.g., the President House, Legislative Assembly Buildings, etc. All Ministries and the Secretariat Buildings of the People's Republic of Bangladesh, Offices of the High Court, Courts of District and Session Judges, Offices of the Commissioners of Divisions, Collectors, Deputy Commissioner/Collectors, Chairman, Upazila Parishad, Central and District Jails, Police Stations, Customs Posts and such other buildings as may be notified by the Government from time to time.
- The 'Flag' shall be flown on the official residence of the following persons :
  - The President.
  - The Vice-President.
  - The Speaker of Parliament.
  - The Prime Minister.
  - Cabinet Ministers.
  - Persons accorded the status of a Cabinet Minister.
  - Deputy Speaker of Parliament.
  - Chief Whip.
  - The Leader of the Opposition in Parliament.
  - Manisters of State.
  - Persons accorded the status of a Minister of State.
  - Head of Diplomatic/Consular Missions of Bangladesh in foreign countires.
  - The Chief Justice of Bangladesh.
- The President shall be entitled to fly the 'Bangladesh Flag' on his Motor Cars, Vessels and Aeroplanes.
- The following persons shall be entitled to fly the 'Bangladesh Flag' on Motor Cars and Vessels :
  - The Vice-President.
  - The Speaker of Parliament.
  - The Prime Minister.
  - Cabinet Minister.
  - Persons accorded the status of a Cabinet Minister.
  - Deputy Speaker of Parliament.
  - Chief Whip.
  - The Leader of the Opposition in Parliament.
  - Heads of Diplomatic Consular Missions of Bangladesh in foreign countries.
- Ministers of State and persons accorded the status of a Minister of State while on tour outside the capital within the country or abroad, shall be entitled to fly the 'Bangladesh Flag' on motor cars and vessels.

**Note-** The 'Flag' shall be flown only when the dignitary concerned is in the car or vessels.

## বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকাণ্ড - কেবলই কি দুর্ঘটনা?

অজয় কুমার চক্রবর্তী  
উপ-বিভাগীয় প্রকৌশলী  
কল্লবাজার

প্রতি বছর আমাদের দেশে অগ্নিকাণ্ডে কোটি কোটি টাকার সম্পত্তি নষ্ট এবং বহু অমূল্য প্রাণহানির ঘটনা ঘটে। এ সকল অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধান করলে দেখা যায় বেশিরভাগ ক্ষেত্রে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে এগুলোর উৎপত্তি। কিন্তু কেন বৈদ্যুতিক শর্ট সার্কিটের সৃষ্টি হ'ল এবং এটা এড়ানো সম্ভব ছিল কিনা তা বেশিরভাগ ক্ষেত্রেই থাকে অনুদৃষ্টি। ফলে এরূপ অগ্নিকাণ্ডকে নিছক দুর্ঘটনা হিসেবেই আমরা মেনে নেই। কয়েক দিন এ নিয়ে পত্রিকায় লেখালেখি, আলোচনা, সমালোচনা, শোক ও দুঃখ প্রকাশ করে ধীরে ধীরে আমরা ঘটনাটি ভুলে যাই। এভাবেই এ রকম অগ্নিকাণ্ডগুলোকে আমরা মেনে নিতে অভ্যস্ত হয়ে পড়েছি। কিন্তু আসলেই কি এগুলো নিছক দুর্ঘটনা এবং সত্যিকারেই কি এসব দুর্ঘটনাগুলোকে এড়াতে পারি না? যদি এর উত্তরে বলা হয় যে, বেশিরভাগ ক্ষেত্রেই এগুলো নিছক দুর্ঘটনা নয় এবং অধিকাংশ ক্ষেত্রেই এ দুর্ঘটনাগুলো এড়ানো সম্ভব তাহলে কি খুব ভুল বলা হবে? তবে কিছু কিছু ঘটনা অবশ্যই ঘটে যেগুলো আসলেই এড়ানো সম্ভব নয় এবং সেগুলোই হল প্রকৃত দুর্ঘটনা।

রাজধানী শহর ঢাকায় বিগত বছরগুলোতে যে ভয়াবহ অগ্নিকাণ্ডগুলো ঘটেছে তার উল্লেখযোগ্যগুলো ঘটেছে গার্মেন্টস-এ। এর প্রতিটি অগ্নিকাণ্ডেই কোটি কোটি টাকার মালামাল ধ্বংস এবং বহু অমূল্য প্রাণহানির ঘটনা ঘটেছে। মালিকপক্ষ ইনসুরেন্সের বদৌলতে হয়ত ক্ষতির একটা বিরাট অংশ উদ্ধার করতে সমর্থ হয়েছেন কিন্তু সামগ্রিকভাবে দেশের যে ক্ষতি হল তা কি পূরণ করা সম্ভব? যে অমূল্য জীবনগুলো অকালে ঝরে গিয়েছে তাঁদের পরিবারগুলোর কি অবস্থা একটু চিন্তা করলেই অনুমান করা যায়। তাই এ সকল অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ অনুসন্ধানের এবং সে অনুযায়ী ভবিষ্যতে যাতে এ রকম অগ্নিকাণ্ড এড়ানো যায় তার প্রয়োজনীয় নিরাপত্তামূলক পদক্ষেপ নেয়ার সময় এসেছে। গার্মেন্টসসহ অন্যান্য স্থানে ঘটে যাওয়া অগ্নিকাণ্ডগুলোর কারণ অনুসন্ধানে জানা যায় বেশিরভাগ অগ্নিকাণ্ডগুলোর সৃষ্টি বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে। শর্ট সার্কিটের উৎপত্তির কারণ অনুসন্ধানে দেখা যাবে উল্লেখযোগ্যগুলো নিম্নরূপ :

১. আভ্যন্তরীণ বৈদ্যুতিক ওয়ারিং-এর ডিজাইন সঠিকভাবে না করা। ডিজাইন সঠিক হলেও বাস্তবায়নের সময় ডিজাইন মোতাবেক কাজ না করা। অধিকাংশ ক্ষেত্রে কোন প্রকৌশলীর সহায়তা না নেয়া।
২. ব্যবহৃত ক্যাবলের সাইজ লোডের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়া (আন্ডারসাইজ হওয়া)। উদাহরণস্বরূপ একটি মটরের বৈদ্যুতিক কানেকশনের ক্ষেত্রে হয়ত এর রেটেড কারেন্টকে বিবেচনায় এনে ক্যাবলের সাইজ নির্ধারণ করা হয়েছে কিন্তু কোন কারণে (যেমন বিয়ারিং সীজ হওয়া) মটরের রোটর Locked হলে যে কারেন্ট সে সার্কিট দিয়ে যাবে তা হয়ত বিবেচনায় আনা হয়নি ফলে ব্যবহৃত ক্যাবল আন্ডারসাইজ হয়ে গিয়েছে। স্বাভাবিক ক্ষেত্রে এ ক্যাবল দিয়ে হয়ত মটর কোন দুর্ঘটনা ছাড়া চালানো যাবে, কিন্তু কোন কারণে মটরের ক্রটি দেখা দিলে (রোটর Locked হলে) যে কারেন্ট সার্কিট দিয়ে যাবে তা সে ক্যাবল বহন করতে পারবে না যার পরিণতিতে ক্যাবল গরম হয়ে ইনসুলেশন নষ্ট হয়ে স্পার্ক সৃষ্টি হতে পারে এবং অগ্নিকাণ্ডের সূত্রপাত ঘটতে পারে।

৩. ব্যবহৃত ক্যাবলসমূহ মানসম্মত না থাকা।
৪. বৈদ্যুতিক কন্ট্রোল ডিভাইসসমূহ মানসম্মত অথবা সঠিক রেটিং-এর ব্যবহার না করা।
৫. প্রাথমিকভাবে যে লোড বিবেচনায় আনা হয়েছিল সংশ্লিষ্ট ডিজাইনারের সাথে পরামর্শ ব্যতিরেকে ক্রমাগতভাবে তা বাড়ানোর ফলে সার্কিট ওভারলোডেড হওয়া।
৬. রক্ষণাবেক্ষণ সঠিকভাবে না করা। প্রকৌশলী অথবা অভিজ্ঞ ইলেকট্রিশিয়ান দ্বারা রক্ষণাবেক্ষণ না করা। ইত্যাদি-

